# ALL INDIA RADIO, SILCHAR

******************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 21-06-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

(১) দশম আর্ন্তজাতিক যোগ দিবস সমগ্র দেশের সঙ্গে বিশ্বের বিভিন্ন স্থানেও উদযাপিত/জম্মু কাশ্মীরের যোগ দিবসে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শারিরীক, মানসিক ও আধ্যাত্মিক বিকাশে যোগের গুরুত্ব সম্পর্কে আলোকপাত/

(২) তেজপুরের যোগ দিবসের কার্যসূচীতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার অংশগ্রহণ/ ভারতীয় সভ্যতা এবং শক্তি, সামর্থ্যের প্রতীক রূপে যোগ বিশ্বজুড়ে সমাদর লাভ করেছে বলে মুখ্যমন্ত্রীর মন্তব্য/

(৩) বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক যোগ দিবস পালিত/

এবং

(৪) শক্তিপীঠ কামাখ্যাধামে আগামীকাল থেকে ঐতিহ্যবাহী অম্বুবাচী মেলা আরম্ভ/

---------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে বিশ্বের বিভিন্ন প্রান্তে আজ দশম আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জম্মু কাশ্মীরের শ্রীনগরের শের-এ-কাশ্মীর আর্ন্তজাতিক অভিবর্তন কেন্দ্রে আয়োজিত যোগ দিবসের মূল অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । অনুষ্ঠানে জম্মু কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা, কেন্দ্রীয় মন্ত্রী প্রতাপ রাই গণপত রাও যাদব সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । যোগ দিবসের কার্যসূচীতে অংশ নিয়ে শ্রী মোদী শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক বিকাশে যোগের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন । বিশ্বের বিভিন্ন প্রান্তে যোগাভ্যাস করা ব্যক্তির সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছএ বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন । তাঁর সঙ্গে কথোপকথনে প্রায় সংখ্যক বিশ্বনেতাই যোগের প্রসঙ্গ উত্থাপন করেন বলেও শ্রী মোদী উল্লেখ করেছেন । বিগত দশ বছরে যোগের প্রসার এবং পরিচিতির বিষয়ে তুলে ধরে তিনি  এক নতুন ধরণের যোগ অর্থনীতির বিষয়েও আশা প্রকাশ করেন । আর্ন্তজাতিক যোগ দিবসের এই বছরের বিষয়বস্তু সম্পর্কে শ্রী মোদী বলেন যে- ব্যক্তিগত কল্যাণ এবং সামাজিক সমন্বয়, উভয়ের প্রসারের ক্ষেত্রে যোগের গুরুত্বপূর্ণ ভুমিকার উপর আলোকপাত করে এই বছর নিজের সাথেসাথে সমাজের জন্যেও যোগ বিষয়বস্তুকে নিয়েই এই দিবস পালন করা হচ্ছে । যোগাভ্যাসের মাধ্যমে বিশ্বব্যাপী স্বাস্থ্য ও সুস্থ জীবনশৈলীর প্রসারের উদ্দেশ্যে বার্তা বহন করা হাজার হাজার অংশগ্রহণকারীকে ঐক্যবদ্ধভাবে করাই এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য বলে তিনি প্রকাশ করেন ।

আসাম সহ উত্তর পূর্বাঞ্চলের মণিপুর, অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ডেও যোগ দিবসের কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।

আসামে আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী পালন করা হয়েছে । জাতীয় আয়ুষ মিশনের উদ্যোগে গুয়াহাটির দেশভক্ত তরুণরাম ফুকন ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত যোগ দিবসের কার্যসূচীতে রাজ্যপাল গুলাবচান্দ কাটারিয়া, মন্ত্রী অজন্তা নেওগ এবং গুয়াহাটি পৌর নিগমের মেয়র মৃগেন শরনীয়া অংশ গ্রহণ করেন ।

তেজপুরের চার্চফিল্ডে আয়োজিত যোগ দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সহ রাজ্যের মন্ত্রী- অশোক সিংহাল, কেশব মহন্ত সহ বিধায়ক

এবং উচ্চপদস্থ আধিকারিকরা অংশ নেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে- ভারতীয় সভ্যতা, শক্তি ও সামর্থ্যের প্রতীক রূপে যোগাভ্যাস বিশ্বজুড়ে সমাদর লাভ করেছে ।

বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । কাছাড় জেলায় আজ জেলাপ্রশাসনের উদ্যোগে শিলচরের ইন্ডিয়া ক্লাব ইন্ডোর স্টেডিয়ামে দশম আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী, নবনির্বাচিত সাংসদ- পরিমল শুক্লবৈদ্য, কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা, জেলা উন্নয়ন কমিশনার- নরসিং বে সহ জেলা প্রশাসনের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক দীপায়ন চক্রবর্তী যোগ দিবসের প্রাসঙ্গিকতা এবং ভারতবর্ষের সঙ্গে সঙ্গে বিশ্বের অন্যান্য দেশে এর জনপ্রিয়তার উল্লেখ করে বলেন যে- করোনা মহামারীর পরিপ্রেক্ষিতে বিগত দেড় বছরে যোগাভ্যাসের গুরুত্ব আরো বেড়েছে । এবং সেই অনুযায়ী রাষ্ট্রসংঘ এবছরের আর্ন্তজাতিক যোগ দিবসের থিম নির্ধারণ করেছে- ‘নিজের ও সমাজের জন্য যোগব্যায়াম । তিনি যোগব্যায়ামকে সামগ্রিক জীবন যাপনের বিজ্ঞান ভিত্তিক একটি জীবনধারা হিসেবে গ্রহণ করার আহ্বান জানান । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য বলেন যে-যোগের অনুশীলনের মাধ্যমে তা স্বাস্থ্য, সম্প্রীতি এবং শান্তি প্রচারের যাত্রায় এক উল্লেখযোগ্য মাইল ফলক হিসেবে পরিগণিত হয়েছে । তিনি আরো বলেন যে- দেশের সীমা অতিক্রম করে যোগ ভাষা, সংস্কৃতিকে ছাড়িয়ে একটি বিশ্বব্যাপী অনুশীলনে পরিণত হয়েছে যা মন, শরীর এবং আত্মার গভীর উপকারের জন্য লক্ষ লক্ষ মানুষ আজ তা গ্রহণ করেছেন। এর আগে শিলচরের জাতীয় ব্যায়াম বিদ্যালয়ের যোগ প্রশিক্ষক- চন্দন দেবের তত্ত্বাবধানে  বিভিন্ন যোগব্যায়ামে উপস্থিত বিশিষ্ট জনেরা অংশ নেন ।

------------------------------------------------------------------------------

শ্রীকোনার বরাক সেবা কেন্দ্রের উদ্যোগেও আজ আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ ও আগামীকাল দুদিনের যোগ

শিবিরের আয়োজন করা হয়েছে । যোগ প্রশিক্ষক বিপ্রাশীষ চক্রবর্তীর পরিচালনায় যোগ শিবিরের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায়ও আজ দশম আর্ন্তজাতিক যোগ দিবস বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে । জেলার কেন্দ্রীয় অনুষ্ঠান ভারতীয় অর্ন্তদেশীয় জলপথ কর্তৃপক্ষের গুদাম প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় । করিমগঞ্জ জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য সমিতির সহযোগীতায় আয়োজিত যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে আজ সকাল ৬টা ৪৫ মিনিটে জেলা আয়ুক্ত মৃদুল যাদব প্রদীপ প্রজ্বলন করে অনুষ্ঠানে সূচনা করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে জেলা আয়ুক্ত শ্রী যাদব সুস্থ্ মন ও সবল শরীর গড়ে তোলার জন্য সবাইকে নিয়মতি যোগাভ্যাস করার আহ্বান জানিয়েছেন । অনুষ্ঠানে করিমগঞ্জ যোগাসন ট্রেনিং সেন্টার , মহর্ষি যোগ বিদ্যালয় , পতঞ্জলী যোগ সমিতি ও নেতাজী ব্যায়াম সংঘের প্রশিক্ষক সহ ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করেন । পরে গত ১৬ই জুন জেলা গ্রন্থাগার ভবনে আয়োজিত আয়োজিত যোগাসন প্রতিযোগীতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরন করা হয় ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা স্বাস্থ্য বিভাগের সহযোগীতায় আজ হাইলাকান্দি টাউন হলে দশম আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম প্রদীপ প্রজ্বোলন করে যোগ শিবিরের উদ্বোধন করেছেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রীগৌতম সবাইকে চাপমুক্ত জীবনের জন্য যোগ ব্যায়াম অভ্যাস করার আহ্বান জানান । শিবিরে বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীক সহ স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মকর্তারা অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগেও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষ্যে আজ লালা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে যোগাসন কার্য্যসূচীর আয়োজন করা হয়েছে । পরে

যোগ প্রশিক্ষক রসেন্দ্র নাথের পরিচালনায় যোগ ব্যায়াম অনুশীলন করা হয়েছে ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সাংসদ ভর্তুহরি মহতাবকে সংবিধানের ৯৫ ( ১ ) অনুচ্ছেদের অধীনে নতুন অধ্যক্ষ নির্বাচিত না হওয়া পর্যন্ত লোকসভার অস্থায়ী অধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করেছেন । সংসদীয় পরিক্রমা মন্ত্রী কীরেণ রিজিজু গতকাল এই বিষয়ে জানান ।উল্লেখ্য আগামী সোমবার অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরু হবে এবং বুধবার অধ্যক্ষ নির্বাচন করা হবে ।এই অধিবেশনে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু সংসদের উভয় সভার যৌথ বৈঠকে ভাষণ দেবেন এছাড়া নবনির্বাচিত সাংসদদেরকে শপথবাক্য পাঠ করানো হবে ।রাজ্যসভার অধিবেশন ২৭ শে জুন আরম্ভ হবে ।তেসোরা জুলাই এই অধিবেশন সমাপ্ত হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০ শে জুন আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের ১১১ তম পর্বের জন্য জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন ।শ্রী মোদীর টানা তৃতীয় বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ার পর এটি হচ্ছে মন কী বাতের প্রথম খন্ড । প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যম যোগে নরেন্দ্র মোদী এ্যাপ , মাই গভ মুক্তমঞ্চের মাধ্যমে অথবা ১৮০০-১১-৭৮০০ শুল্ক বিহীন নম্বরে ফোন করে পরামর্শ প্রদান করতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন ।অনুষ্ঠানটির এই পর্বের জন্য আগামী ২৮ শে জুন পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে ।

আকাশবাণী দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপে এই অনুষ্ঠান প্রচার করা হবে ।এছাড়া প্রধানমন্ত্রী কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের ইউটিউব চ্যানেলেও এই অনুষ্ঠান প্রচারিত হবে ।এই অনুষ্ঠানের অব্যবহিত পরেই আকাশবাণী অনুষ্ঠানটি আঞ্চলিক ভাষায় প্রচার করবে ।

---

সুপ্রীম কোর্ট আজ মেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা নীট ইউ-জি ২০২৪ এর কাউন্সেলিং প্রক্রিয়ায় স্থগিতাদেশ জারি করার বিষয়টি প্রত্যাখ্যান করেছে এবং জাতীয় পরীক্ষণ সংস্থা (এন টি এ) কে এই সম্পর্কে এক নির্দেশ জারি করেছে ।আদালত বর্তমানের আবেদনসমুহের সঙ্গে নতুন আবেদন সংযুক্ত করে আগামী ৮ জুলাই শুনানীর দিন ধার্য করেছে ।নীট ইউ জি পরীক্ষা সম্পর্কীত বিষয় নিয়ে অব্যাহত থাকা আইনী প্রক্রিয়ার মধ্যেই এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

----------------------------------------------------------------------------------------

শক্তিপীঠ কামাখ্যাধামে আগামী কাল থেকে অম্বুবাচী মেলা শুরু হচ্ছে ।এই মেলা উপলক্ষে ইতিমধ্যে দেশ বিদেশের  সাধু সন্যাসীদের আগমন সহ বহু ভক্ত সমাগমে কামাখ্যা মন্দির প্রাঙ্গনে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে ।এই মেলা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য আসাম সরকার , কামরূপ মহানগর জেলা প্রশাসন এবং অম্বুবাচি মহাযোগ পরিচালনা কমিটি যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।পরিচালনা কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামী কাল সকাল ৮ টা ৪৩ মিনিট ৩৯ সেকেন্ডে অম্বুবাচির প্রবৃত্তির সঙ্গে সঙ্গে কামাখ্য মন্দিরের দরজা ভক্তদের জন্য বন্ধ হয়ে যাবে ।২৬ জুন সকাল ৬ টায় দেবীর পরম্পরাগত স্নান ও নিত্য পূজোর পর মন্দিরের দরজা খুলে দেওয়া হবে ।এদিকে আজ থেকে ৩০ শে জুন পর্যন্ত কোনধরণের ভি আই পি বা ভিভিআইপি প্রবেশপত্রের ব্যবস্থা থাকবেনা এছাড়া ২৬ ও ২৭ শে জুন বিশেষ টিকিটের ব্যবস্থাও থাকবেনা বলে কমিটি জানিয়েছে ।ভক্তদেরকে মেলার দিনগুলোতে রাত আটটা পর্যন্ত নীলাচল পাহারে প্রবেশ করতে দেওয়া হবে ।তবে পান্ডু থেকে কামাখ্য মন্দিরে যাওয়ার পথ রাত ৯ টা পর্যন্ত খোলা থাকবে ।এদিকে অম্বুবাচি উপলক্ষে সমগ্র নীলাচল পাহারকে ধূমপান মুক্ত অঞ্চল হিসেবে ঘোষণা করা হয়েছে । এই উৎসব উপলক্ষে পুলিশ প্রশাসন কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে ।কামাখ্যা রেলষ্টেশন ও পান্ডুঘাটে দুটি আশ্রয়শিবির ও স্থাপন করা হয়েছে ।প্রশাসনের অনুমতি নিয়ে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন ভক্তদের জন্য খাদ্যসামগ্রী , পানীয়জল ইত্যাদি বিতরণের ব্যবস্থা গ্রহণ করেছে ।

--------------------------------------------------------------------------------
আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের কম্পার্টমেন্টাল পরীক্ষার আজ ফলাফল ঘোষণা করা হয়েছে। কম্পার্টমেন্টাল পরীক্ষায় অবতীর্ণ হওয়া মোট ৫০ হাজার ৬১৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২১ হাজার ৫৪২ জন উত্তীর্ণ হয়েছে ।১৫১ জন প্রথম বিভাগে , ৮ হাজার ৮১২ জন দ্বিতীয় বিভাগে এবং ১২ হাজার ৫৪২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।এদিকে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ কম্পার্টমেন্টাল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের প্রথম বর্ষে নাম ভর্তির জন্য দর্পণ পোর্টেল খুলেছে ।ছাত্রছাত্রীরা এই পোর্টেলের মাধ্যমে আগামীকাল থেকে ২৮ শে জুন পর্যন্ত নামভর্তি করতে পারবে ।অন্যদিকে পরিষদ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে তেসোরা জুলাইর মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছে । www.ahsec.assam.gov.in / darpan.ahseconline.in এ বিস্তারিত তথ্য পাওয়া যাবে ।
--------------------------------------------------------------------------------